কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গৌরব, সাফল্য ও ঐতিহ্যের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছেন, কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগ। দিনটি পালনে শুক্রবার সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেছেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, শুক্রবার ছিল বাংলাদেশ কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী। দিনটি পালনে সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেন।

প্রথমে তারা কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সের বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে উপজেলা চত্বরের অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতেও পুষ্পমাল্য অর্পণ করেন নেতা-কর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষকলীগের কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক সুশান্ত চক্রবর্ত্তী, উপজেলা কৃষকলীগের সাবেক আহবায়ক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি তাফরুজ্জামান তপন,যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, সাংগঠনিক সম্পাদক আলীম হোসেন, দেলোয়ার হোসেন, অর্থ সম্পাদক রাজিব হোসেন, স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পাদক লিটন হোসেন।

ঝিনাইদহের শৈলকুপায় অবৈধ জালটাকাসহ গ্রেপ্তার ১

ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার হিতামপুর এলাকা হতে অবৈধ জালটাকাসহ এক জন কে গ্রেপ্তার করেছে র্যাব-৬।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) র্যাব-৬, সিপিসি- ২, ঝিনাইদহ ক্যাম্পের এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে, ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন হিতামপুর গ্রামস্থ এলাকায়

কতিপয় ব্যক্তি অবৈধ মাদকদ্রব্য ও জাল টাকা বিক্রয়ের উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে উক্ত আভিযানিক দলটি একই তারিখ দিবাগত রাত আনুমানিক ০১.৪৫ ঘটিকার সময় ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন হিতামপুরগ্রামের মোঃ আব্দুর রহমান সবুজের সারের দোকান (রাফি এন্টারপ্রাইজ) এর সামনের এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে অবৈধ জাল টাকাসহ মোঃ আশিক খান আকরাম (২৩)কে গ্রেপ্তার করে। আকরাম একই উপজেলার ধাওড়া মধ্যপাড়া গ্রামের মোঃ আতিয়ার খাঁর ছেলে।

সে সময় উপস্থিত সাক্ষীদের সম্মুখে গ্রেপ্তারকৃত আসামীর হেফাজত হতে অবৈধ জাল টাকা ২১,০০০/-(একুশ হাজার) , ০১টি মোবাইল এবং ০২টি সিমকার্ড উদ্ধারপূর্বক জব্দ করে। জব্দকৃত আলামত ও গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহের শৈলকুপা থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে বলে র্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানান।

হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত

“প্রাণিসম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) সকালে উপজেলা প্রাণি সম্পদ কার্যালয় চত্বরে এই মেলার আয়োজন করা হয়।

হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা আক্তার হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রদর্শনী মেলার আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি হিসেবে পৌর মেয়র ফারুক হোসেনসহ অন্যান্য ইউপি চেয়ারম্যনরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ উজ্জল কুমার কুন্ডু। এসময় সমাজসেবা কর্মকর্তা শিউলী রাণী, উপজেলা সহকারী প্রোগ্রামার ওয়াসিকুর রহমান, বিআরডিবি কর্মকর্তা আমজাদ হোসেন সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত খামারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান সঞ্চালনয়া ছিলেন প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ সুলতানা বেগম।

আলোচনা সভায় বক্তাগণ বলেন, মানুষের ভাগ্যের পরিবর্তনে কাজ করে যাচ্ছে হরিণাকুণ্ডু’র প্রাণিসম্পদ বিভাগ। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগিতায় উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে প্রদর্শনী মেলায় ৩০ টি স্টলে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট গাভী, ছাগল, কবুতর, হাঁস-মুরগি, ভেড়া, দুধের ক্রিম সেপারেটর মেশিন, ঘাস চাষ, ঘাস কাটা মেশিন, কৃত্রিম প্রজনন, চিকিৎসা সামগ্রী ও চিকিৎসা বিষয়ক কার্যক্রম প্রদর্শন করা হয়। অনুষ্ঠান শেষে পশুপালনে দক্ষতার পরিচয় দেওয়ায় তিনটি বিষয়ের উপর উপজেলার নয় জন খামারির মাঝে সর্বমোট ৩০,০০০/- টাকার চেক ও সনদপত্র বিতরণ করা হয়।

ঝিনাইদহে প্রাথমিক শিক্ষকদের অনলাইনে রমরমা বদলী বানিজ্য

ঝিনাইদহে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে অনলাইনে বদলী নিয়ে জালিয়াতির তথ্য ফাঁস হয়ে পড়েছে। এ নিয়ে বদলিচ্ছুক শিক্ষকদের মধ্যে ক্ষোভ এবং অসন্তোষ বিরাজ করছে। পেশায় জুনিয়র জনৈক এক শিক্ষা কর্মকর্তার স্ত্রীকে বদলির সুযোগ করে দিতে অন্য শিক্ষকদের আইডি থেকে গুরুত্বপূর্ন তথ্য মুছে দিয়ে ভুল ও মিথ্যা তথ্য সন্নিবেশিত করা হয়েছে। ফলে জেলার অন্তত ১৩জন সিনিয়র শিক্ষকের বদলি আবেদন বাতিল হয়ে গেছে।

এদিকে অনলাইনে আবেদন বাতিল হওয়া বদলিচ্ছুক শিক্ষকরা এ নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কাছে লিখিত অভিযোগ করেছেন। অনলাইনে এই বদলি জালিয়াতির তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ফাঁস হওয়ায় পুরো জেলা জুড়ে তোলপাড় সৃষ্টি হয়েছে।

অনুসন্ধান করে জানা গেছে, শিক্ষকদের বদলির সার্ভার খুলে দেওয়ার পর জেলার ৬৮৮টি শুন্য পদের বিপরীতে ৩৭৮ জন শিক্ষক অনলাইনে আবেদন করেন। এরমধ্যে ঝিনাইদহ সদর উপজেলার সুরাট ও মাওলানাবাদ ক্লাস্টারে মহা জালিয়াতির তথ্য ফাঁস হয়ে পড়ে। মাওলানাবাদ ক্লাস্টারে সহকারী শিক্ষক পদে চাকরি করেন ঝিনাইদহ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের এটিইও শাহজাহান রিজুর স্ত্রী সুরাইয়া পারভিন। তাকে ঝিনাইদহ শহরে বদলি করে আনার জন্য একাধিক সিনিয়র শিক্ষকদের অনলাইনে বদলির আবেদন ঢালাও ভাবে বাতিল করা হয়েছে। ফলে ঘুষ বানিজ্যের মাধ্যমে জুনিয়র শিক্ষকদের বদলীর সুযোগ করে দেওয়া হয়েছে।

অভিযোগ উঠেছে, অনলাইনে বদলীর সরকারী সার্ভার উন্মুক্ত হওয়ার ১৫ দিন আগে এটিইও রিজুর স্ত্রী সুরাইয়া পরভিনের আসল তথ্য তার আইডি থেকে ডিলিট করে মিথ্যা ও ভুয়া তথ্য সন্নিবেশিত করা হয়, যাতে তার স্কোর বৃদ্ধি পায়। আর এই কাজটি ঝিনাইদহ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার খালেকুজ্জামানের পরামর্শে করেন পুর্ব তেঁতুল বাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌহিদুজ্জামান। তিনি নিজেও সুরাট ক্লাস্টার থেকে অনলাইন জালিয়াতির মাধ্যমে বদলি হয়ে ঝিনাইদহ শহরে এসেছেন।

একাধিক শিক্ষকের অভিযোগ, শিক্ষক তৌহিদুজ্জামানের কাছেই মুলত সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের আইডি থাকে। স্কুল ফাঁকি দিয়ে তৌহিদুজ্জামান উপজেলা শিক্ষা অফিসেই পড়ে থাকেন। শিক্ষা অফিসারদের দাপ্তরিক কাজ তিনিই করে থাকেন। এক্ষেত্রে তাকে স্কুলে যেতে হয়না বলেও অভিযোগ। এই তৌহিদুজ্জামান বিভিন্ন প্রধান শিক্ষকের আইডিতে প্রবেশ করে গুরুত্বপুর্ন তথ্য ডিলিট করে দিয়ে টাকা দাবী করে থাকেন বলে কথিত আছে।

অভিযোগ আছে শিক্ষা কর্মকর্তার স্ত্রী সুরাইয়ার আইডিতে স্কুলের দুরত্ব ছিল ১৩ কিলোমিটার। কিন্তু অনলাইনে বদলীর আবেদনের সময় সেখানে দেখানো হয় ২৭ কিলোমিটার। সেশন স্কোর বাড়ানোর জন্য প্রকৃত তথ্য গোপন করা হয়। সুরাইয়া পারভিনের আইডিতে পুর্ববর্তী

কর্মস্থল ছিল বাকড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়। কিন্তু স্কোর বৃদ্ধির জন্য পুর্বের কর্মস্থলের তথ্য সরিয়ে ফেলা হয়। এতে তিনি ২৫ এর মধ্যে ২৫ পেয়ে নজীর সৃষ্টি করেন। সুরাট ক্লাস্টারের একাধিক প্রধান শিক্ষক অভিযোগ করেন, তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড একাধিকবার পরিবর্তন করা হয়েছে। শিক্ষা কর্মকর্তাদের ‘ভাড়’ হিসেবে পরিচিত পূর্ব তেঁতুল বাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌহিদুজ্জামান এসব অপকর্ম করে থাকেন বলে অভিযোগ। তার কাছে ঝিনাইদহ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার খালেকুজ্জামানের আইডি ও পাসওয়ার্ড থাকার কারণে শিক্ষকদের হয়রানী করেন হরহামেশা।

এ বিষয়ে ঝিনাইদহ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের এটিইও শাহাজান রিজু বলেন, তার স্ত্রীকে যথাযথ আইন মান্য করেই বদলীর প্রক্রিয়া সম্পন্ন করা হয়। অনলাইন জালিয়াতির যে তথ্য অন্যান্য শিক্ষকরা করছেন তা সত্য নয় বলে তিনি দাবি করেণ।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা, জানান এ বিষয়ে তিনজন শিক্ষকের আবেদন পেয়েছি। আমি যাচাই বাছাইয়ের জন্য উপজেলায় পাঠিয়েছি। সেখান থেকে মতামত আসার পরই ব্যবস্থা গ্রহন করা হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের খুলনা বিভাগীয় উপ-পরিচালক মসলেম উদ্দীন বলেন, ভুয়া ও জালিয়াতি তথ্য দিয়ে স্কোর বাড়ানোর কথা আমি শুনেছি। তিনি ক্ষোভ প্রকাশ করে আরও বলেন, আমার অনুমোদন গ্রহনের আগেই অনেক শিক্ষক বদলির ম্যাসেজ পেয়ে যান কি ভাবে তাই আমি বুঝতে পারিনা। তিনি বলেন ঝিনাইদহে বদলি নিয়ে বেশ কিছু অভিযোগ আমি পেয়েছি। বিষয়গুলো সুক্ষ ভাবে দেখা হচ্ছে। কেউ যদি জালিয়াতির সঙ্গে জড়িত থাকে তবে তার বদলির আদেশ বাতিল করা হবে বলেও তিনি জানান।

ঝিনাইদহে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন

প্রাণি সম্পদে ভরব দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর

উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রাণী সম্পদ অফিস চত্বরে প্রাণী সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে এ সপ্তাহের উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নিবাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল।

বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ সরকারী ভেটেরিনারী কলেজের অধ্যাপক ডা: আবু জাফর মো: ফেরদৌস, বেগম মানছুরা হাছিন সদর উপজেলা মৎস্য কর্মকর্তা গোলম সরওয়ার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মনোজিৎ কুমার মন্ডল। পরিচালনা করেন উপজেলা প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: তারেক মুসা।

সেসময় বক্তারা, খামারীদের আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পশু পালনের আহ্বান জানান। আলোচনা সভা শেষে ঝিনাইদহের ২৪ টি ইউনিয়ন পরিষদে ভ্যাকসিন ও সিমেন সংরক্ষনের জন্য জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে ফ্রীজ প্রদাণ করা হয়। এছাড়া সেখানে আয়োজন করা হয় প্রাণী প্রদর্শণ। জেলার বিভিন্ন স্থান থেকে সৌখিন খামারীসহ খামারীরা তাদের পশু প্রদর্শণ করেন। বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এ সেবা সপ্তাহ চলবে আগামী ২২ এপ্রিল।

ঝিনাইদহে প্রসুতি মৃত্যুহার রোধে করণীয় বিষয়ে মতবিনিময় সভা

প্রসুতি মৃত্যুহার রোধে করণীয় বিষয়ে ঝিনাইদহে চিকিৎসকদের সাথে জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদকের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার রাতে জেলা শহরের রুফরয়েল রেস্টুরেন্টে জেলা বিএমএ’র উদ্দ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএমএ’র সভাপতি ডাঃ রেজা সেকেন্দার এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুন এর সঞ্চলনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সেসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, ওজিএসবির সভাপতি ডাঃ হাসানুজ্জামান, ডাঃ জাহিদ আহমেদ, ডাঃ আলাউদ্দিন, ডাঃ শামীমা সুলতানা, ডাঃ মোজ্জাম্মেল হক সহ জেলার ২০ জন সার্জারী, গাইনী ও মেডিসিন বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় সাম্প্রতিক সময়ে বিভিন্ন সরকারি ও বে-সরকারি ক্লিনিক এবং হাসপাতালে অযাচিত মাতৃ মৃত্যুতে চিকিৎসক সমাজের সাথে জেলা আওয়ামীলীগ ও বিএমএ নেতৃবৃন্দ মতবিনিময় সভায় উদ্বেগ প্রকাশ করে নেতৃবৃন্দ বলেন, ঔষধের পার্শ্ব প্রতিক্রয়া এবং ভেজালের কারনে এই সমস্যা হচ্ছে বলে প্রাথমিকভাবে ধারণা করছেন তারা। এসমস্যা উত্তোরণে স্বাস্থ্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষন করা হয়।

কোটচাঁদপুরে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন

প্রাণি সম্পদে ভরব দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে কোটচাঁদপুরে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) সকালে কোটচাঁদপুর উপজেলা প্রাণী সম্পদ অফিস চত্বরে প্রাণী সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে এ সপ্তাহের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য অবঃ মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, কৃষি অফিসার রাজিবুল হাসান, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, সাবেক এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান হুমায়ুন কবির লতা প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান।

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি, ঈমাম প্রতিনিধি, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলামের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালের দিকে কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় আলোচ্য বিষয় ছিল আইনশৃংখলা, বাল্যবিবাহ, যৌতুক, আত্মহত্যা, ডেঙ্গু, জঙ্গিবাদ বিরোধী কার্যক্রম, উন্নয়ন মূলক কার্যক্রম, মানসম্মত শিক্ষা ও সার্বজনীন পেনসন স্কীম।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

তিনি আলোচ্য বিষয়ের অন্যান্য দিক নিয়ে আলোচনা না করলেও গুরুত্বের সঙ্গে তুলে ধরেন সার্বজনীন পেনসন স্কীম।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও

চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পরিবর্তন পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। এ ছাড়া উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি, ঈমাম প্রতিনিধি, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গরা।

ঝিনাইদহে এনপিএস’র সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ ন্যাশনাল প্রেস সোসাইটি (এনপিএস)’র সভাপতি নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন খাঁন এর প্রতারণার হাত থেকে রক্ষা পেতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৭ এপ্রিল) সকালে ঝিনাইদহ প্রেসক্লাব অডিটোরিয়ামে লিখিত বক্তব্য পাঠ করেন ভুক্তভোগী আবু হাসান ওয়াহেদ নামের এক ব্যক্তি।

ভুক্তভোগী জেলা শহরের আরাপপুর জামতলা সড়কস্থ মোঃ নুরুন নবী’র ছেলে আবু হাসান ওয়াহেদ ঝিনাইদহ ন্যাশনাল প্রেস সোসাইটির প্রতারকচক্রের সভাপতি নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন খাঁন এর প্রতারণার সত্যতা তুলে ধরে সংবাদ সম্মেলনে তার লিখিত বক্তব্য পাঠ করেন।

তিনি বলেন দীর্ঘ দুই বছর ন্যাশনাল প্রেস সোসাইটির দপ্তর সম্পাদক পদে থাকা কালীন সোসাইটির সভাপতি প্রতারক নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন খাঁন এর যোগসাজসে আমাকে বাদী বানিয়ে হরিণাকুন্ডু উপজেলার সড়াতলা বর্তমান চটকাবাড়ীয়া গ্রামের গফুর বিশ্বাসের ছেলে মোঃ কুদ্দুস মিয়া’র নামে ১৭/১০/২০২২ ইং তারিখে হরি.সি.আর-২৭৩/২২ নম্বর মামলা করেন। পরবর্তীতে খোঁজ-খবর নিজে জানতে পারি যে, আমাকে প্রতারণার ফাঁদে ফেলে বাদী করে নির্দোষ

ব্যক্তি মোঃ কুদ্দুস মিয়া’র নামে মিথ্যা মামলা দায়ের করান। আমি প্রকৃত সত্য ঘটনা জানতে পারি যে, মামলার আসামী কুদ্দুস মিয়া নির্দোষ। তাই আমি বিবেকের তাড়নায় আমার দায়ের করা মামলাটি প্রত্যাহার করে নিই। ন্যাশনাল প্রেস সোসাইটির সভাপতি প্রতারক নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন খাঁন ক্ষিপ্ত হয়ে আমার উপর প্রতিশোধের নেশায় মেতে ওঠেন। এবং তারা সু-কৌশলে আমাকে দিয়ে ১০০/- (একশত) টাকার তিনটি নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ফাঁকা স্বাক্ষর করিয়ে নেন। বিগত ২০২৩ সালের ১ নভেম্বর প্রতারকচক্রের হোতা মহিউদ্দিনের মিথ্যা বয়ান এর কারণে আমাকে কোর্ট থেকে জেল হাজতে যেতে হয়। ৪ দিন জেল হাজতে থাকার পর ০৫/১১/২০২৩ ইং তারিখে জামিনে মুক্তি পায়। আমাকে জামিনে মুক্তি পাওয়ানোর জন্য আমার স্ত্রীর নিকট থেকে তারা ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ১০০/- (একশত) টাকার ৩টি নন-জুডিসিয়াল ফাঁকা স্ট্যাপ ও একই সাথে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখার একটি স্বাক্ষরিত চেক নেয়। আমি চলতি বছরের গত ২৭ জানুয়ারি ঝিনাইদহ সদর থানায় একটি অভিযোগ দায়ের করি।

বর্তমানে এই প্রতারকচক্র আমাকে ও আমার পরিবার পরিজনদের বিভিন্নভাবে হুমকি ধামকি দিচ্ছে এই বলে যে, তাদেরকে মোটা অংকের টাকা দিতে হবে তা না হলে আমার পরিবারের জীবনের নিরাপত্তা থাকবে না। তাই আমি ও আমার পরিবার নিরাপত্তাহীনতায় ভুগছি। এই প্রতারকচক্রের মুলহতার মুখোষ উন্মোচন করে প্রশাসনের মাধ্যমে তাদের জালিয়াতির দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী জানাচ্ছি।

এ ব্যাপারে অভিযুক্ত দুই প্রতারক ন্যাশনাল প্রেস সোসাইটির সভাপতি নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন খাঁন এর সাথে মোবাইলের মাধ্যমে একাধিকবার চেষ্টা করেও যোগাযোগ করা সম্ভব হয়নি।

ঝিনাইদহে সময় টিভির

প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সময় টিভির ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে প্রেসক্লাব মিলনায়তেন আলোচনা সভার আয়োজন করা হয়।

সময় টিভির রিপোর্টার লোটাস রহমান সোহাগ’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, আমিনুর রহমান টুকু, নিজাম জোয়ার্দ্দার বাবলু, টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজীব হাসান, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন, প্রেসক্লাবের সহ-সভাপতি সুলতান আল একরাম, নির্বাহী সদস্য ওমর আলী সোহাগ, সিনিয়র সাংবাদিক শামীমুল ইসলাম শামীম, কাজী আলি আহম্মেদ পিকুসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা, দেশ সেরা সংবাদ ভিত্তিক টেলিভিশন সময় সংবাদের উত্তোরোত্তর সাফল্য কামনা করেন। সেই সাথে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেণ।